দৈনিক সংবাদ

21 DEC 1988 ... 012

তারিখ 21 DEC 1988
পৃষ্ঠা ... ১ ... কলাম ... 2

# বৃত্তি পেয়েও বিদেশে না যেতে পারার তদন্ত হচ্ছে

॥ আমীর খসরু ॥

ইরাক ও পোল্যাণ্ড সরকারের বৃত্তি পেয়েও বিভিন্ন জটিলতার কারণে বাংলাদেশী ছাত্ররা কেন যেতে পারেনি তা তদন্ত করে দেখা হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানায়, প্রশাসনিক জটিলতাসহ অন্যান্য কারণে বৃত্তি পেয়েও অনেক বাংলাদেশী ছাত্র বিদেশে যেতে পারছে না।

সূত্র জানায়, গত জুন মাসে ইরাক সরকার বাংলাদেশী ছাত্র-

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বৃত্তি পেয়েও

(১ম পাতার পর)

দের জন্য ৫টি বৃত্তি দেবে বলে জানায়। এই পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকার অক্টোবরে এক চিঠিতে নামের তালিকা ইরাক সরকারকে জানিয়ে দেয়। কিন্তু পরবর্তীকালে দেখা যায় যে, শিক্ষা মন্ত্রণালয়ের দেয়া নামের সাথে ইরাক সরকারের প্রাপ্ত নামের মধ্যে তিনটি নামের মিল নেই। এ নিয়ে বাগদাদস্থ বাংলাদেশ দূতাবাস সংশ্লিষ্ট ইরাকী কর্তৃপক্ষের সাথে আলোচনা চালায়। এ ব্যাপারে কূটনৈতিক নোট বিনিময় হয় এবং বলা হয়, শিক্ষা মন্ত্রণালয় থেকে যে নাম দেয়া হয়েছে তারাই বৈধ বৃত্তিধারী বলে বিবেচিত হবে। কিন্তু ইরাক থেকে তেমন সন্তোষজনক সাড়া মেলেনি। যে দু'জনের বৃত্তিপ্রাপ্তির ব্যাপারে কোন ঝামেলা ছিল না, তাদেরও ভিসা দেয়া হয় দেরীতে। ফলে ৫জনের কেউই বৃত্তি পায়নি।

বিষয়টি দুর্নীতি দমন ব্যুরো তদন্ত করছে বলে জানা গেছে।

শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানায়, পোল্যাণ্ড সরকারের দেয়া বৃত্তি নিয়েও কয়েক মাস আগে বেশ ঝামেলা হয়েছিল। মন্ত্রণালয়ের দায়িত্বশীল এক কর্মকর্তা জানান, পূর্ব ইউরোপের দেশগুলোর বৃত্তি নিয়ে ইদানীং বেশ জটিলতা দেখা যাচ্ছে। তাছাড়া প্রশাসনিক জটিলতার কারণে বৃত্তি পেয়েও বিদেশে না যেতে পারার ঘটনা সম্প্রতি বেড়ে গেছে।